

ঘোষণা পত্র

ফ্রী এবং ওপেন সোর্স সফটওয়্যার আন্দোলন

প্রথম রাজ্য সম্মেলন

রাজাবাজার বিজ্ঞান কলেজ, ক'লকাতা

৩০ ও ৩১ জানুয়ারী ২০১০

সাথী,

বিগত ২৬ ডিসেম্বর ২০০৮ ক'লকাতার মৌলানী যুব কেন্দ্রে একটি কনভেনশনের মাধ্যমে Free & Open Source Software আন্দোলনের রাজ্য ভিত্তিক কার্যক্রম শুরু হয়। আগামী মার্চ ২০১০-এ সারা ভারত সম্মেলনের পরিপ্রেক্ষিতে আগামী ৩০ ও ৩১ জানুয়ারী কলকাতায় Free & Open Source Software আন্দোলনের প্রথম রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হবে। আমাদের দেশে ইনফরমেশন টেকনোলজি-র বয়স বছর পনেরো। এই সময়ের মধ্যে এই ইনডাস্ট্রির বৃদ্ধি এর আগের সমস্ত এই ধরনের ইনডাস্ট্রিয়াল বৃদ্ধির বেকর্ডকে ছাপিয়ে গেছে বহুল পরিমাণে। ইনফরমেশন টেকনোলজি-র ব্যবসা মোট মুনাফার পরিমাণে এবং অবশ্যই অনেক মানুষের কর্মসংস্থানের ক্ষেত্রে একটি বিশেষ অবস্থান তৈরী করতে পেরেছে। অধুনা ভালো করে পড়াশোনা করে আই টি (ইনফরমেশন টেকনোলজি) সেক্টরে চাকরী পাওয়া মেধাবী ছাত্র-ছাত্রীদের কাছে উজ্জ্বল ভবিষ্যৎ গঠনের, বলা যেতে পারে একমাত্র লোভনীয় পদ্ধতি হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। সমাজে আই টি ইনডাস্ট্রির এই ধরনের ভাবমূর্তি তৈরী হবার অনেক কারণের প্রধান তিনটি বিষয়কে আলাদা করে দেখা যেতে পারে। এক, বিশ্লেষণের যে অর্থনৈতিক মডেল বিগত বছর পনেরো যাবৎ প্রধান চালিকাশক্তি হিসাবে কাজ করে চলেছে, ইনফরমেশন টেকনোলজিকে সেই মডেলে বেশ ভালোভাবে কাজে লাগানো গেছে, এবং তার ফলে উৎপাদন বৃদ্ধির হার বহু গুন বাড়িয়ে ফেলা সম্ভবপর হয়েছে। দুই, এই প্রযুক্তি বিশ্লেষণিত চালু অর্থনীতিকে তার একমাত্র উদ্দেশ্য "Profit"-এর ক্ষেত্রে নূতন পণ্যের সন্ধান দিয়েছে। বলে রাখা ভালো, নূতন এই পণ্যের বেশীর ভাগ-ই কিন্তু মানুষের মৌলিক চাহিদা মেটানোর সাথে সম্পর্কযুক্ত নয়, অর্থনৈতিকভাবে এগিয়ে থাকা মানুষের বিলাস ব্যাসনের আকাঙ্ক্ষা-ই এই পণ্যের প্রধান বাজার। তিন, এই প্রযুক্তির দাম কি হওয়া উচিত তার সম্বন্ধে সমাজের কোনো ধারণা না থাকা - যার ফলে উৎপত্তের অগ্নিস্রোতে এই প্রযুক্তির সাফল্য বাধাহীনভাবে এগুতে পেরেছে।

ইনফরমেশন টেকনোলজি-র উপর ভিত্তি করে সফটওয়্যারের ব্যবসা তার মুনাফা আহরণের গতিকে বহুগুণ বৃদ্ধিত করতে পেরেছে একথা ঠিকই, কিন্তু অস্বীকার করার উপায় নেই যে মানুষের মেধার নির্জাসজাত এই প্রযুক্তি মনুষ্য সমাজকে এক অভূতপূর্ব উৎপাদিকা শক্তির সন্ধান দিয়েছে। এই উৎপাদিকা শক্তির অন্যতম উপাদান হ'ল মেধাসম্পদ, যার বলে বলিয়ান হয়েই ইনফরমেশন টেকনোলজি-র আজ এই বাড়বাড়ন্ত। কম্পিউটারের সফটওয়্যারকে তুলনা করা চলে মনুষ্যের বুদ্ধি, বিচার ক্ষমতা, মনন এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতার সাথে, যা নাকি মস্তিষ্কের মধ্যে কাজ করে। নিছক বস্তুগতভাবে এইগুলিকে কল্পনাকরা কঠিন, আবার বস্তু নিরপেক্ষ মস্তিষ্কের এই গুণগুলিকে ভাবাই সম্ভব নয়। কম্পিউটার সফটওয়্যার এইধরনের মানুষের মেধাজাত সম্পদ, যা হ'ল কম্পিউটারের মূল চালিকাশক্তি।

সফটওয়্যার তৈরী হয় ইংরাজী সংখ্যা (1,2,3), অক্ষর (A,B,C) এবং অঙ্ক ও ভাষায় ব্যবহৃত চিহ্ন (+,x, ;, ") গুলির এক নির্দিষ্ট সমন্বয়ে। সফটওয়্যার তৈরী করার নির্দিষ্ট ভাষা আছে, এ ভাষা কম্পিউটারের ভাষা, একে শিখতে হয়, এবং ভালোভাবে এই ভাষা রপ্ত করেই তা দিয়ে সফটওয়্যার লিখতে হয়। প্রথম মেধাসম্পন্ন মানুষরা তাঁদের শ্রম ও বুদ্ধির সমন্বয়ে সফটওয়্যার লিখে তৈরী করেন, আর বিশ্লেষণিত অর্থনীতি সেই

সফটওয়্যারকে পেটেন্ট ও অন্যান্য আইনি বেআইনি ক্ষমতা মারফৎ বাজারজাত করে গড়ে তোলেন তাঁদের নতুন সাম্রাজ্য। সফটওয়্যার তৈরী, তার ব্যবহার, মালিকানা, ব্যবহারের সত্ত্ব এবং স্বাধীনতার আর্টি থেকেই গড়ে উঠেছে Free & Open Source সফটওয়্যার আন্দোলন। এই আন্দোলন রূপে সফটওয়্যার তৈরী, তার ব্যবহার ও বন্টনের স্বাধীনতার দাবীতে গড়ে উঠলেও একচেটিয়া অর্থনীতির বিশ্যায়নের সরাসরি বিরোধিতাই এই আন্দোলনের মর্মবস্তু। এই আন্দোলনকে ভালোভাবে অনুধাবন করলে দুইটি বৈশিষ্ট লক্ষ করা যায়। প্রথমত, আজ পর্যন্ত যে সকল মানুষ এই আন্দোলনের সাথে যুক্ত হয়েছেন, তাঁদের কোনো রাজনৈতিক অবস্থান নিরপেক্ষ ভাবেই বিজ্ঞানের যে কোনো অবদানের একচেটিয়াকরনের সরাসরি বিরোধী কথাবার্তায় ও কাজকর্মে এনাদের ভূমিকা আছে। এবং দ্বিতীয়ত, মেধাসম্পদকে কুক্ষিগত করে সুধুমাত্র মুনাফা তোলার ও বাজার বিকাশের উদ্দেশ্যের বিরুদ্ধে শুধু আন্দোলন নয়, বিশ্যায়িত এই কারবারকে বাধা দেবার সরাসরি ক্ষমতার অধিকারী এই আন্দোলন। কারন এই আন্দোলন পেটেন্টহীন পণ্যকে (সফটওয়্যার) মানুষের সামনে হাজির করেছে, বিশ্যায়নের সর্বগ্রাসি অর্থনৈতিক মডেলকে যা বাস্তবিকভাবেই চ্যালেঞ্জ জানায়।

এই পরিপ্রেক্ষিতেই Free & Open Source Software আন্দোলন গড়ে তোলার কাজ, আর এর ভিত্তিতেই আমরা আমাদের রাজ্যে বিগত ২৬ ডিসেম্বর ২০০৮ একটি কনভেনশনের মাধ্যমে এই আন্দোলনকে সারা রাজ্যে রূপ দিতে চেয়েছি। আগামী ৩০ ও ৩১ জানুয়ারী কলকাতায় Free & Open Source Software আন্দোলনের প্রথম রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হবে। উৎসাহি সকলকে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগের আবেদন জানালায়।

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ এবং ফ্রী সফটওয়্যার মুভমেন্ট পশ্চিমবঙ্গ ওয়ার্কিং গ্রুপ

১৬২ বি, আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, ক'লকাতা - ৭০০০১৪

☎ (০৩৩) ২২৮৬ ৫৬৫৭